সত্ত্বেনাসঙ্গমেন চ। মহতাং বহুমানেন দীনানামনুকম্পয়া। মৈত্র্যা চৈবাত্মতুল্যেষু যমেন নিয়মেন্ চ। আধ্যাত্মিকানুশ্রবণান্নামসঙ্কীর্ত্তনাচ্চ মে। আর্জবেনার্য্যসঙ্গেন নিরহংক্রিয়য়া তথা। মদ্ধর্ম্মনো গুণৈরেতৈঃ পরিসংশুদ্ধআশয়ঃ। পুরুষস্যাঞ্জসাভ্যেতি শ্রুতমাত্রগুণং হি মাম্ ॥ ২২৯ ॥

নিষেবিতেন সম্যগনুষ্ঠিতেন অনিমিত্তেন চ নিষ্কামেণ স্বধর্ম্মেণ। মহীয়সা শ্রদ্ধাদি-যুক্তেন ক্রিয়াযোগেন, পঞ্চরাত্রাদ্যুক্তবৈষ্ণবানুষ্ঠানেন। শস্তেন উত্তমদেশ কালাদিমতা নিষ্কামেণ চ। নাতিহিংস্রেণ অতিহিংসারহিতেন। অতিশব্দঃ প্রাণাদিপীড়াপরিত্যাগফল-পত্রাদিজীবাবয়বস্বীকারার্থঃ ॥ মদ্ধিষ্ণ্যং মদর্চ্চাদি। ভূতেষ্বন্তর্য্যামিত্বেন মদ্ভাবনয়া। সত্ত্বেন ধৈর্য্যেণ। অসঙ্গমেন বৈরাগ্যেণ চ। অহিংসাস্তেয়ব্রহ্মচর্য্যাপরিগ্রহা যমাঃ। শৌচ-সন্তোষতপঃস্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি নিয়মা। আধ্যাত্মিকমাত্মানাত্মবিবেকশাস্ত্রম্। নিরহংক্রিয়য়া গর্ব্বরাহিত্যেন। মদ্ধর্ম্মণঃ মদ্ধর্ম্মানুষ্ঠাতুঃ পুরুষস্যাশয়ঃ। শ্রুতমাত্রগুণং মামঞ্জসাভ্যেতি মদ্গুণশ্রুতিমাত্রেণ ময়ীত্যাদ্যুক্তলক্ষণাং ধ্রুবানুস্মৃতিং প্রাপ্নোতীত্যর্থঃ। অত্রাধ্যাত্মিকশ্রবণাদিনা জ্ঞানমিশ্রত্বমপি ॥ ৩। ২৯ ॥ শ্রীকপিলদেবঃ ॥ ২২৯ ॥

অথ জ্ঞানমিশ্রা—দৃষ্টশ্রুতাভির্ম্মাত্রাভির্নির্ম্মুক্তঃ স্বেন তেজসা। জ্ঞানবিজ্ঞানসংতৃপ্তো মদ্ভক্তঃ পুরুষোভবেৎ ॥ ২৩০ ॥

দৃষ্টেতি ঐহিকামুষ্মিকবিষয়ৈঃ। স্বেন তেজসা বিবেকবলেন ॥ ৬। ১৬ ॥ শ্রীসঙ্কর্ষণ শ্চিত্রকেতুম্ ॥ ২৩০ ॥

৩।২৯ অধ্যায়ে কর্ম্মজ্ঞানমিশ্রা কৈবল্যকামা ভক্তির সংবাদ ভগবান্ কপিলদেব নিজ জননী দেবহুতিকে বলিয়াছেন—হে মাতঃ! সম্যগ্‌রূপে অনুষ্ঠিত, শ্রদ্ধাদিযুক্ত স্বধর্ম্মে এবং পঞ্চরাত্রাদিতে উক্ত বৈষ্ণবানুষ্ঠান ক্রিয়াযোগে উত্তম দেশকালাদিবিশিষ্ট নিষ্কামভাবে, "নাতিহিংস্রেণ" অতিশয় হিংসারাহিত্য: মূলশ্লোকে হিংসা শব্দের পূর্ব্বে অতি শব্দের প্রয়োগ করিয়া বুঝাইলেন যে—প্রাণাদির প্রতি পীড়া পরিত্যাগ করিয়া ফল-পত্রাদি জীবাবয়ব স্বীকার করিবে, অর্থাৎ একেবারে হিংসা ত্যাগ করিলে জীবন-ধারণের সম্ভাবনাই হইতে পারে না। এইজন্য অতিশয় হিংসা না করিয়া জীবনধারণ করিবার ব্যবস্থা করা হইয়াছে। এ স্থানের অভিপ্রায় এই যে —যাহাদিগকে হিংসা করিলে তাহারা বেদনা অনুভব করে, সেই সকল প্রাণিগণকে হিংসা না করিয়া, যে সকল উদ্ভিজ্জ জাতিকে হিংসা করিলে তাহারা বেদনা অনুভব করিতে পারে না, সেই সকল উদ্ভিজ্জ জাতির সাত্ত্বিক হিংসার পত্র পুষ্প শাক্ সব্‌জী দ্বারা তন্মধ্যে যাহা শাস্ত্রবিধি-বোধিত এবং ভগবানে অর্পণযোগ্য—এবম্বিধ উদ্ভিজ্জ জাতির দ্বারাই জীবন ধারণ করিবে। প্রতিদিন আমার শ্রীপ্রতিমা দর্শন, স্পর্শন, পূজা, স্তুতি ও নমস্কার দ্বারা, সর্ব্বভূতে অন্তর্য্যামিভাবে আমিই বিদ্যমান আছি—এইরূপ